# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 05.12.2024 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্য সরকার, ‘স্বাস্থ্যসাথী’ কার্ডে চুরি ঠেকাতে কৃত্রিম বুদ্ধিমত্তা বা AI প্রযুক্তিকে কাজে লাগাবে।

২) তিনটি নতুন বে-সরকারী বিশ্ববিদ্যালয়কে অনুমোদন দিচ্ছে রাজ্য সরকার ।

৩) কলকাতা থেকে বিশ্বের বিভিন্ন দেশে সরাসরি বিমান পরিষেবা চালুর বিষয়ে আজ বিধানসভায় সরকার প্রস্তাব আনছে।

৪) জাতীয় ও আন্তর্জাতিক স্তরে পদকজয়ী ক্রীড়াবিদদের রাজ্য সরকার চাকরি দেবে।

৫) অভীক দে-কে মেডিকেল কাউন্সিলে পুনর্বহাল এবং সন্দীপ ঘোষ ও আশিষ পান্ডের বিরুদ্ধে ব্যবস্থা না নেওয়ার প্রতিবাদে জুনিয়ার চিকিৎসকরা আগামীকাল স্বাস্থ্য ভবন অভিযানের ডাক দিয়েছেন।

৬) কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের দ্বিতীয় দিনে আজ নন্দনে তপন সিনহার কাবুলিওয়ালা প্রদর্শিত হবে।

oooooooooooooooooooooo

রাজ্য সরকার, 'স্বাস্থ্যসাথী' কার্ডে গড়মিল ও বেনিয়ম ঠেকাতে কৃত্রিম বুদ্ধিমত্তা বা AI প্রযুক্তির সাহায্য নেবে। এজন্য একটি নতুন অ্যাপ চালু করা হচ্ছে বলে স্বাস্থ্য ভবনের তরফে জানানো হয়েছে। 'স্বাস্থ্যসাথী' কার্ডে বেসরকারি হাসপাতাল বা নার্সিংহোমে ভর্তি হলে রোগী সম্পর্কে যাবতীয় তথ্য এবং রোগীর ছবি স্বাস্থ্য দপ্তরে পাঠাতে হবে। সেই ছবি আসল কিনা, তা' যাচাই করবে এ আই। চিকিৎসার প্রতিটি ধাপে রোগী আদৌ হাসপাতালে আছেন কিনা তা' নিশ্চিত করতে নির্দিষ্ট সার্ভারে পাঠাতে হবে GPS লোকেশন। 'স্বাস্থ্যসাথী' কার্ডে ডায়ালিসিস, কেমোথেরাপি এবং অন্যান্য পরীক্ষার ক্ষেত্রেও একই নিয়ম কার্যকর হবে।

oooooooooooooooooooo

রাজ্যে আরো তিনটি নতুন বেসরকারি বিশ্ববিদ্যালয়কে অনুমোদন দিচ্ছে সরকার। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির বিধানসভা কেন্দ্র ভবানীপুরে একটি বেসরকারি কলেজকে শিক্ষা দপ্তর, বিশ্ববিদ্যালয়ের স্বীকৃতি দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে বলে জানা গেছে। আগামী বুধবার অধিবেশনের দ্বিতীয়ার্ধে নতুন এই বিলটি বিধানসভায় পেশ করবেন শিক্ষা মন্ত্রী ব্রাত্য বসু। এর জন্য এক ঘন্টা সময় বরাদ্দ করা হয়েছে। 'দ্য ভবানীপুর গ্লোবাল ইউনিভার্সিটি বিল-২০২৪' , 'দ্য রামকৃষ্ণ পরমহংস ইউনিভার্সিটি বিল-২০২৪' এবং 'দ্য রবীন্দ্রনাথ টেগোর ইউনিভার্সিটি বিল-২০২৪' বিধানসভায় পেশ করা হবে।

oooooooooooooooo

কলকাতার সঙ্গে বিশ্বের বিভিন্ন দেশের সংযোগকারী সরাসরি বিমান পরিষেবা চালুর জন্য সরকার পক্ষ বিধানসভায় একটি প্রস্তাব আনতে চলেছে। আজকের অধিবেশনে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য এই প্রস্তাব আনবেন বলে খবর। এর উপরে দেড় ঘন্টা আলোচনার কার্যসূচি রয়েছে।

oooooooooooooooo

জাতীয় ও আন্তর্জাতিক স্তরে পদকজয়ী ক্রীড়াবিদদের রাজ্য সরকার চাকরি দেবে। পদক প্রাপকদের কলকাতা পুলিশের DSP, SI, ASI এবং প্রশাসনিক সংস্কার বিভাগে সেকশন অফিসারের মতো পদে নিয়োগের ব্যবস্থা করা হয়েছে বলে ক্রীড়া মন্ত্রী অরূপ বিশ্বাস জানিয়েছেন।

বিধানসভায় গতকাল এক প্রশ্নের উত্তরে ক্রীড়ামন্ত্রী জানান, অলিম্পিক ছাড়াও জাতীয় ও আন্তর্জাতিক স্তরে সোনা, রূপো ও ব্রোঞ্জ পদকজয়ীদের মুখ্যমন্ত্রীর নির্দেশে নিয়োগ করা হচ্ছে। ৭৪টি দরখাস্ত খতিয়ে দেখে ৩৮ জনের ফাইল দপ্তরের সুপারিশ সহ উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়েছে। বাকি ৩৬ টি আবেদন প্রক্রিয়ার মধ্যে রয়েছে বলে মন্ত্রী জানান।

oooooooooooooooo

স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়া-সাই জলপাইগুড়ির বিশ্ব বাংলা ক্রীড়াঙ্গন ব্যবহার করছে না বলে অভিযোগ করেছেন রাজ্যের ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাস। রাজ্যে বিশ্বমানের খেলোয়াড় তৈরিতে সাইকে এই ক্রীড়াঙ্গন দেওয়া হয়েছিল। কিন্তু অবহেলায় তা আগাছার স্তূপে পরিণত হয়েছে তাঁর অভিযোগ। অবিলম্বে প্রশিক্ষণ শুরু না হলে চুক্তি ছেড়ে বেরিয়ে আসার হুঁশিয়ারি দেন তিনি। বিধানসভায় প্রশ্ন উত্তরপর্বে বিজেপি বিধায়ক শঙ্কর ঘোষের প্রশ্নের উত্তরে ক্রীড়ামন্ত্রী জানান, দক্ষ ক্রীড়াবিদ তৈরির উদ্দেশে ১১০ কোটি টাকা দিয়ে রাজ্য সরকার ঐ বিশ্বমানের স্টেডিয়াম তৈরি করে। ২০১৬ সালের ডিসেম্বর মাসে মউ সই করে এই ক্রীড়াঙ্গন সাই-এর হাতে তুলে দেওয়া হয়েছিল । এত বড় পরিকাঠামো পেয়েও সাই তা কোনওভাবেই কাজে লাগায়নি বলে তাঁর দাবি।

oooooooooooooooo

হোটেল এবং রেস্তোরাঁগুলির বকেয়া কর সংক্রান্ত সমস্যার নিষ্পত্তিতে রাজ্য সরকার, জরিমানা এবং সুদ মুকুবের সিদ্ধান্ত নিয়েছে। ২০১৭ সালের ৩০শে জুন পর্যন্ত বকেয়া প্রমোদ কর এবং বিনোদন কর, ২০২৫ সালের ৩১ শে মার্চের মধ্যে মিটিয়ে দিলে এই ছাড় মিলবে। এই মর্মে সংশ্লিষ্ট আইনের এক সংশোধনী রাজ্য বিধানসভায় গৃহীত হয়েছে। বিল নিয়ে আলোচনায় গতকাল অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানান, প্রমোদ ও বিনোদন কর নিয়ে রাজ্যের ৯০০টি হোটেল-রেস্তোরাঁর বিরুদ্ধে ৫ হাজারেরও বেশি মামলা বিভিন্ন আদালত ও ট্রাইবুনালে বকেয়া রয়েছে। এই বাবদ সুদ-আসল মিলিয়ে রাজ্য সরকারের বকেয়া প্রাপ্য করের পরিমাণ ২১ লক্ষ ৮৬ কোটি টাকা। নতুন আইন করে জরিমানা এবং সুদে ছাড় দিলে রাজ্য সরকার, বকেয়া বিনোদন কর এবং প্রমোদ কর বাবদ প্রায় ১৫ কোটি টাকা আদায় করতে পারবে বলে অর্থমন্ত্রী জানান।

এর আগে বিলের ওপর আলোচনায় অংশ নিয়ে বিরোধী পক্ষের মুখ্য সচেতক শংকর ঘোষ, সরকারের মূল উদ্দেশ্যকে সমর্থন করলেও কয়েকটি বিষয়ে পরিবর্তন করতে পরামর্শ দেন। তিনি বলেন, যারা কর বকেয়া রেখেছেন তাদের জন্য ১০০ শতাংশ সুদ এবং জরিমানায় ছাড় দিলে, যারা সঠিক সময়ে কর মিটিয়েছেন তাদের প্রতি অবিচার করা হবে। তাই ১০০ শতাংশের বদলে ৫০ শতাংশ ছাড় দেওয়ার প্রস্তাব দেন তিনি। যদিও এই প্রস্তাব সরকার পক্ষ গ্রহণ করেনি। আলোচনা শেষে ধ্বনি ভোটে বিলটি সভায় গৃহীত হয়।

ooooooooooooooo

পানীয় জলের অপচয় রুখতে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নির্দেশের পর জনস্বাস্থ্য কারিগরী দফতর, অপরাধীদের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নিচ্ছে। বিভাগীয় মন্ত্রী পুলক রায় বিধানসভায় জানান, পানীয় জলের অপব্যবহার নিয়ে ইতমধ্যেই ৪০০র বেশি FIR হয়েছে। জল অপচয় রুখতে অভিযোগ জানানোর জন্য চালু হয়েছে দুটি WhatsApp নম্বর। এগুলি হল ৮৯০২০-৫২২২২ এবং ৮৯০২০-৬৬৬৬৬।

০০০০০০০০০০০০০০০০

থ্রেট কালচারে অভিযুক্ত অভীক দে-র রাজ্য মেডিকেল কাউন্সিলে পুনির্বহালের প্রতিবাদে এবং আন্দোলনকারী চিকিৎসকদের বিভিন্ন দাবিদাওয়া পূরণে উদাসীনতার অভিযোগে আগামীকাল স্বাস্থ্যভবন অভিযানের ডাক দিয়েছেন জুনিয়র চিকিৎসকরা।

ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরস ফ্রন্ট-এর তরফে জানানো হয়েছে, ঐদিন দুপুরে মেডিকেল কাউন্সিলের সামনে জমায়েতের পর তাঁদের মিছিল এগিয়ে যাবে স্বাস্থ্যভবনের দিকে। সমাজের সকল স্তরের মানুষকে মিছিলে যোগ দেওয়ার আহ্বান জানানো হয়েছে। জুনিয়র চিকিৎসকদের তরফে ডাক্তার দেবাশিস হালদার বলেন, আর্থিক দুর্নীতি মামলায় প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ এবং আশিষ পান্ডের বিরুদ্ধে সিবিআই-এর চার্জশিট তৈরিতে রাজ্য কেন ছাড়পত্র দিচ্ছে না, তার উত্তর চাইতেও তাদের এই অভিযান।

(বাইট )

এদিকে, দ্রোহের কার্নিভালের পর এবার দ্রোহের ফিল্ম ফেস্টিভ্যালের ডাক দিয়েছে অভয়া মঞ্চ ও জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স। আর জি কর-কাণ্ডের ৪ মাস পূর্ণ হতে চললেও এখনও বিচার না মেলায় গতকাল শিয়ালদায় বিক্ষোভ-অবস্থানে বসেন অভয়া মঞ্চ ও জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্সের প্রতিনিধিরা। কবে কোথায় দ্রোহের ফিল্ম ফেস্টিভ্যাল হবে তা শীঘ্রই জানানো হবে।

০০০০০০০০০০০০০০০০

৩০তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের দ্বিতীয় দিনে আজ শতবার্ষিকী সম্মাননা বিভাগে নন্দনে তপন সিনহার কাবুলিওয়ালা দেখানো হবে। বিকেলে তাঁর জীবন ও চলচ্চিত্র নিয়ে উদ্বোধন হবে একটি প্রদর্শনীর। এছাড়াও জন্ম শতবার্ষিকী উপলক্ষে অরুন্ধতী দেবী, হরিসাধন দাসগুপ্ত, মার্লোন ব্র্যান্ডো ও মার্সেলো মাস্ত্রোইয়ানিকে নিয়ে একটি প্রদর্শনীর উদ্বোধন হবে গগনেন্দ্র শিল্প প্রদর্শশালায়। এখানেই কলকাতা

চলচ্চিত্র উৎসব নিয়ে “A journey of 30 years" শীর্ষক আরও একটি প্রদর্শনীর আয়োজন করা হয়েছে।

আন্তর্জাতিক প্রতিযোগিতা বিভাগে আজ নন্দনে প্রদর্শিত হবে জার্মানির দ্য উইটনেস এবং ফ্রান্সের পেটার্নাল ছবি দুটি। এই বিভাগে বিচারক হিসেবে রয়েছেন ভারতের গিরিশ কাসারাভাল্লি, আর্জেন্টিনার পাবলো সিজার, রোমানিয়ার ভ্লাদ পেত্রি, স্লোভাকিয়ার মার্টিন সুলিক এবং গ্রীস থেকে এসেছেন কাতিয়া পান্তাজি।

০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশনের ভোটার তালিকার বিশেষ সংক্ষিপ্ত সংশোধন কর্মসুচির কাজ আগামী **১২** ডিসেম্বর শেষ হচ্ছে। প্রত্যেক শনি ও রবিবার বুথ লেভেল অফিসার BLO-রা তাঁদের নির্দিষ্ট বুথে বসছেন বলে রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানিয়েছেন।

( বাইট- অরিন্দম )

আগামী জানুয়ারিতে সংশোধিত নতুন ভোটার তালিকা প্রকাশ হবে।

০০০০০০০০০০০০০০০০

বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর নীপিড়ন নিয়ে দেশের অন্যান্য অংশের পাশাপাশি এরাজ্যেও প্রতিবাদ বিক্ষোভ অব্যাহত। যদিও এবিষয়ে এরাজ্যের সংখ্যালঘুরা নীরব কেন, বিজেপি সেই প্রশ্ন তুলেছে। দিল্লিতে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে দলের রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার বলেন, বাংলাদেশের স্বাধীনতায় সেখানকার হিন্দুদের যথেষ্ট অবদান রয়েছে। দিল্লির শাহী ইমাম, বিষয়টি নিয়ে বাংলাদেশ সরকারকে যে চিঠি দিয়েছেন, সেই পদক্ষেপকেও সুকান্তবাবু স্বাগত জানান।

(বাইট- সুকান্ত )

এদিকে, কেন্দ্রীয় সরকার বাংলাদেশ ইস্যুতে কোনো পদক্ষেপ করছে না কেন, সেই প্রশ্ন তুলেছেন তৃণমূল কংগ্রেসের রাজ্য সম্পাদক কুণাল ঘোষ।

( বাইট- কুণাল )

ইউনুস সরকারের কড়া সমালোচনা করেছেন প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, জামাতের ভয়ে সেদেশের সরকার ভারত বিরোধিতা করে চলেছে।

(বাইট – অধীর)

**অন্যদিকে,** বাংলাদেশে সাম্প্রতিক পরিস্থিতিতে জাতীয় ঐক্য বজায় রাখতে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মহম্মদ ইউনূস বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে বৈঠক করেছেন। বৈঠকে রাজনৈতিক দল, নাগরিক সমাজ, ছাত্র-নেতা সহ সকলের কাছে জাতীয় ঐক্যের আহ্বান জানিয়েছেন প্রধান উপদেষ্টা। আজ ধর্মীয় নেতাদের সঙ্গে তিনি বৈঠকে বসবেন বলে খবর।

oooooooooooooooo

oooooooooooooooo